

সাত দফা মেনে নেয়ার দাবি সরকারকে ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের ১ মাসের আলটিমেটাম

বিদ্যাবিদ্যালয় রিপোর্টার

ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের জাতীয় বেতন তেলে বেতন-ভাতা প্রদান, চাকরি বৈধকরণসহ ৭ দফা দাবিতে সরকারকে এক মাসের আলটিমেটাম দিয়েছেন শিক্ষকরা। আগামী ২০ আগস্টের মধ্যে এসব দাবি মেনে না নিলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলার হুমকি দিয়েছেন তারা। বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি কর্তৃপক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলন থেকে শিক্ষকরা এ হুমকি দেন। স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতির ব্যানারে আয়োজিত এই সাংবাদিক সম্মেলনে পিথিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সভাপতি সাবের এমপি মাওলানা সাহুওজাত হোসেন। এ সময় শিক্ষক নেতা মাওলানা আঃ কাদর মল, নজরুল ইসলাম হিরণ, মাওলানা আবদুর রউফ, মাওলানা নজরুল ইসলাম আহবু প্রমুখ উপস্থিত ছিলেন। সাংবাদিক সম্মেলন থেকে ২৪ আগস্ট সব উপজেলায় বিক্ষোভ সমাবেশ ও টিএনওকে স্মারকপিপি, ৩১ আগস্ট জেলা সনদে অবস্থান ধর্মঘট ও ডিসিকে স্মারক পিপি এবং ১০ সেপ্টেম্বর পর্যন্ত ময়দানে মহাসমাবেশ ও বিক্ষোভ মিছিলের কর্মসূচি ঘোষণা করা হয়। পিথিত বক্তব্য বলা হয়, টিএনপির নির্বাচনী ইশতেহারে এই বিষয়টি ছিল এবং ১০০ দিনের কর্মসূচির মধ্যে ছিল। নেতৃত্বশ বশেন, অবশ সরকার আর পর্যন্ত তার প্রতিশ্রুতি বাস্তবায়ন করেনি।